

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা  
ওয়েবসাইট: www.bb.org.bd

এসএফডি সার্কুলার নং-০২

১৯ জুন ২০২২  
তারিখঃ -----  
০৫ আষাঢ় ১৪২৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**করোনা ভাইরাসের কারণে সৃষ্ট সংকট মোকাবেলায়  
প্রি-শিপমেন্ট ক্রেডিট খাতে পুনঃঅর্থায়ন স্কীম।**

শিরোনামোক্ত বিষয়ে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ কর্তৃক জারীকৃত বিআরপিডি সার্কুলার নং-০৮, তারিখ ১৮ মে ২০২২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উক্ত সার্কুলার অনুযায়ী গঠিত ৫০০০ (পাঁচ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় আগ্রহী ব্যাংকসমূহকে Annexure-A অনুযায়ী বাংলাদেশ ব্যাংকের সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট এর সাথে ‘অংশগ্রহণ চুক্তি’ (Participation Agreement) সম্পাদন করতে হবে। তবে ইতঃপূর্বে চুক্তিবদ্ধ ব্যাংকসমূহকে নতুন করে ‘অংশগ্রহণ চুক্তি’ (Participation Agreement) সম্পাদন করতে হবে না।

৩। অংশগ্রহণ চুক্তি সম্পাদনকারী ব্যাংক কর্তৃক ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের ইস্যুকৃত সার্কুলার নং-০৮/২০২২ এর ১৪(ক) নং অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা ও পদ্ধতি অনুসরণপূর্বক দলিলাদি/তথ্যাদিসহ নির্ধারিত ছকে (Annexure-B) প্রি-শিপমেন্ট ক্রেডিট বিতরণের বিপরীতে পরিচালক (এসএফডি), সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা বরাবর পুনঃঅর্থায়নের জন্য আবেদন করতে হবে।

৪। আবেদনপত্রের সাথে বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২২ অনুচ্ছেদ-১৪(খ)-এ বর্ণিত দলিলাদি/তথ্যাদি ছাড়াও নিম্নোক্ত দলিলাদি দাখিল করতে হবে:

ক) ব্যাংকের শাখাভিত্তিক মোট প্রি-শিপমেন্ট ক্রেডিট সুবিধা দাবি সংক্রান্ত তথ্য (Annexure-C);

খ) গ্রাহকভিত্তিক প্যাকিং ক্রেডিট সংক্রান্ত তথ্য (Annexure-D);

গ) লেটার অব অথরাইজেশন (Annexure-E) এবং

ঘ) রপ্তানিমূল্য অপ্রত্যাবাসন (Overdue Export Bill) সংক্রান্ত ঘোষণাপত্র (Annexure-F)।

৫। অংশগ্রহণকারী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা অথবা তাঁর মনোনীত কর্মকর্তার স্বাক্ষরে ত্রৈমাসিক ভিত্তিতে ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত প্রতিবেদন Annexure-J অনুযায়ী সংশ্লিষ্ট ত্রৈমাসিক অন্তে পরবর্তী মাসের ১৫(পনের) দিনের ( মার্চ, জুন, সেপ্টেম্বর এবং ডিসেম্বর ভিত্তিক) মধ্যে পরিচালক (এসএফডি), সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা বরাবর দাখিল করতে হবে।

চলমান পাতা ১/২

৬। এ সার্কুলারের সংযুক্তিসমূহ (Annexure A, B, C, D, E, F, G, H, I, J) সার্কুলারের অবিচ্ছেদ্য অংশ মর্মে গণ্য হবে। এতদ্ব্যতীত বিআরপিডি সার্কুলার নং ০৮/২০২২ এর অন্যান্য সকল নির্দেশনা পরিপালনীয় হবে।

ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(খন্দকার মোরশেদ মিল্লাত)  
পরিচালক(এসএফডি)  
ফোনঃ৯৫৩০৩২০